# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩-২০২৪

উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ

## উপদেষ্টা

মো. রানা ইসলাম
উপজেলা সমবায় কর্মকর্তা
বেলকুচি, সিরাজগঞ্জ।

## সম্পাদনা পরিষদ

মো. ফেরদৌস জামান
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

খন্দকার শরীফুল ইসলাম
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

## সংকলনে

মো. ফেরদৌস জামান
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

## প্রকাশকাল

১৪ অক্টোবর,২০২৪

## প্রকাশনায়

উপজেলা সমবায় কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।
ফোন- ০২৫৮৯৯১৮২১৬
website: http://cooperative.belkuchi.sirajganj.gov.bd/
E-mail: uco.belkuchi@gmail.com



# সমবায় - সংগীত

কাজী নজরুল ইসলাম

‘ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- ‘সমবায়, সমবায়!’ ক্ষুধার
জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে! সেই
দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥ মিলি পরমাণু
পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



যুগ্ম-নিবন্ধক
বিভাগীয় সমবায় কার্যালয়
রাজশাহী বিভাগ, রাজশাহী

# বাণী

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়ের অধীন সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার ধারাবাহিকতায় সরকারের 'ভিশন ২০২১ ও ভিশন ২০৪১' বাস্তবায়নে সমবায় অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় বিভাগ গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠির দারিদ্র বিমোচন, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগ্রলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। সমবায় বিভাগ ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হল। প্রতিবেদনটিতে বেলকুচি উপজেলার সমবায় কার্যক্রমের পরিসংখ্যাণ হিসেবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহীত ও দাদনকৃত ঋণ, আদায়কৃত ঋণ, বার্ষিক অডিট সম্পাদন, সরকারী রাজস্ব আদায়, লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধারা হয়েছে। যাবতীয় তথ্যসহ সিরাজগঞ্জ জেলার এবং অধিনস্ত প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ড এ প্রতিবেদনে সন্নিবেশিত হয়েছে।

গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠির জীবন মান উন্নয়নে কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। উৎপাদন, বিপণন ও সুষম বন্টন ব্যবস্থা গড়ে তুলে আয় বৈষম্য দূরীকরণে ভূমিকা রেখে জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণেও দৃশ্যমান অবদান রাখতে পারে সমবায়। বর্তমান সরকারের সমবায় ভাবনার আলোকে **'সমবায়ে গড়বো দেশ, বৈষম্যহীন বাংলাদেশ'** শ্লোগানটি ধারণ করে দেশ আরও এগিয়ে যাবে বলে মনে করি।

প্রকাশিত প্রতিবেদনটি সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলার কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উপজেলার কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। এ প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

মো. মোখলেছুর রহমান



জেলা সমবায় কর্মকর্তা
সিরাজগঞ্জ

# বাণী

উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ এর বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশ করছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। সমবায় অধিদপ্তর দেশের একটি অন্যতম স্বনামধন্য জাতিগঠন মূলক প্রতিষ্ঠান। সমবায় অধিদপ্তরের মূল কাজ সমবায় সমিতি আইন ও বিধির আলোকে সমবায় সমিতির নিবন্ধন প্রদান, নিষ্ক্রিয় সমবায় সমিতি গুটিয়ে ফেলা বা নিবন্ধন বাতিল করা, প্রতি অর্থবছরে সমিতির অর্থনৈতিক ও ব্যবস্থাপনা কার্যক্রম নিরীক্ষা করা, সমবায় সমিতিসমূহের নির্বাচন ও এজিএম অনুষ্ঠানে আইনগত সহায়তা প্রদান, সমিতিতে সৃষ্ট বিরোধ আইনের আলোকে সমাধান করা এবং টেকসই সমবায় গঠনের লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান ইত্যাদি। সমবায় সমিতি সদস্যদের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভুত করে পুঁজি গঠনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নের ভিত্তি রচনা করে গ্রামীণ অথনৈতির চাঁকা সচল রাখতে দৃশ্যমান অবদান রেখে চলেছে। পুঁজিগঠন, বিনিয়োগ, কর্মসংস্থান ও নারীর ক্ষমতায়নের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার ইতিবাচক পরিবর্তনে সমবায় ব্যাপক ভূমিকা রেখে যাচ্ছে। বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য হ্রাসে সমবায় অধিদপ্তরের তত্ত্বাবধানে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায়ের মাধ্যমে দেশের কৃষি পণ্য উৎপাদনসহ ক্ষুদ্র ও বৃহৎ শিল্পের মাধ্যমে অর্থনৈতিক অবদান রেখে চলেছে। অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। প্রতিবেদনটি সরকারী নীতিনির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, শিক্ষার্থীসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আশা করি। যাদের প্রচেষ্টা ও পরিশ্রমের ফলে এই প্রতিবেদন প্রণয়ন সম্ভব হয়েছে-তাদের সকলকে জানাই আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা।

বাংলাদেশ চিরজীবী হোক।

**মোঃ সাইদুর রহমান, বিসিএস**



উপজেলা নির্বাহী কর্মকর্তা
বেলকুচি, সিরাজগঞ্জ

# বাণী

দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে সমবায়ের অবদান তুলে ধরার জন্য উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০২৩-২৪ প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত। একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার ধারাবাহিকতায় সরকারের 'ভিশন ২০৪১' বাস্তবায়নে সমবায় বিভাগ অগ্রণী ভূমিকা পালন করে আসছে। গ্রামীণ জনগোষ্ঠীর দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে সমবায় সমিতিগুলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, সদস্য, কার্যকরী মূলধন, ঋণ বিতরণ, কর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ, সরকারি রাজস্ব আদায়, মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি মাঠ পর্যায়ের বিভিন্ন সমবায় দপ্তরের কার্যক্রম ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা ও আয়বর্ধনমূলক কর্মকাণ্ড বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে। গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্য পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয়-বৈষম্য দূরীকরণ ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়। বর্তমান সরকারের সমবায় ভাবনার আলোকে **'সমবায়ে গড়বো দেশ, বৈষম্যহীন বাংলাদেশ'** শ্লোগানটি ধারণ করে দেশ আরও এগিয়ে যাবে বলে আমি মনে করি। প্রতিবেদনটি সমবায় বিভাগ, বেলকুচি, সিরাজগঞ্জ এর কার্যক্রম প্রচারে অবদান রাখবে এবং সমবায় কর্মকাণ্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

বাংলাদেশ চিরজীবী হোক।

আফিয়া সুলতানা কেয়া



উপজেলা সমবায় কর্মকর্তা
বেলকুচি, সিরাজগঞ্জ

# বাণী

সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সমবায় সমিতিসমূহ বাংলাদেশের আর্থ-সামাজিক অগ্রগতি অর্জনে দীর্ঘদিন যাবত প্রশংসনীয় ভূমিকা পালন করে আসছে। দরিদ্র জনগোষ্ঠির ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে একীভূত করে সমবায় আন্দোলন অর্থনৈতিক উন্নয়নে ভিত্তি স্থাপন করেছে। বাংলাদেশের অর্থনীতিক অগ্রগতিকে ত্বরান্বিত করতে সমবায় আন্দোলনের বিকল্প নেই। একটি সুখী-সমৃদ্ধ সোনার বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে স্বাধীনতার পর দেশ পূণর্গঠনে সমবায় পদ্ধতিকে বেছে নিয়ে বাংলাদেশের সংবিধানে সমবায়কে সম্পদের মালিকানার ভিত্তিতে দ্বিতীয় খাত হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে। তারই ধারাবাহিকতায় বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ‘রুপকল্প ২০২১ ও রুপকল্প ২০৪১’ বাস্তবায়নে সমবায় অধিদপ্তর অগ্রণী ভূমিকা পালন করে আসছে। সমবায় অধিদপ্তর ও সমবায় সমিতি সমূহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য প্রতিবছর **সমবায় বিভাগ, বেলকুচি. সিরাজগঞ্জ** কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় এ বছর বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হল। প্রতিবেদনটিতে বেলকুচি উপজেলা ব্যাপী সমবায় কার্যক্রমের পরিসংখ্যাণ হিসেবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানত গঠিত অন্যান্য তহবিল গৃহীত ও দাদনকৃত ঋণ, আদায়কৃত ঋণ, বার্ষিক অডিট সম্পাদন, সরকারী রাজস্ব আদায়, লভ্যাংশ বিতরণ ইত্যাদির পাশাপাশি সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধারা হয়েছে।

প্রকাশিত প্রতিবেদনটি অত্র উপজেলার কর্মকান্ড প্রচারে অবদান রাখবে এবং উপজেলার কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি।

বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

প্রতিবেদনটির মানোন্নয়নে সকলের পরামর্শ সাদরে গৃহিত হবে।

মো. রানা ইসলাম

# সূচিপত্র


ভূমিকা

১ম অধ্যায় ১. উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ

১.১ রুপকল্প

১.২ অভিলক্ষ

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ

১.৪ কার্যাবলী

১.৫ লক্ষ্য এবং দায়িত্ব

১.৬ সমবায় দিবস

১.৭ সমবায় সমিতি সংক্রান্ত তথ্য

১.৮ সমবায় প্রশিক্ষণ

১.৯ প্রচার ও প্রকাশনা কার্যক্রম

১.১০উপজেলা সমবায় কার্যালয়ের বিভিন্ন পদের তালিকা

২য় অধ্যায় ২. সমবায় খাতের অগ্রগতি

২.১ প্রাথমিক সমিতির সংখ্যা

২.২ প্রাথমিক সমিতির সদস্য সংখ্যা

২.৩ শেয়ার মূলধন

২.৪ সঞ্চয় আমানত

২.৫ সংরক্ষিত ও নীটলাভ হতে গঠিত অন্যান্য তহবিল

২.৬ কার্যকরী মূলধন

২.৭ বিনিয়োগ

২.৮ ঋণ বিতরণ

২.৯ ঋণ আদায়

২.১০ অডিট ফি আদায়

২.১১ সমবায় উন্নয়ন তহবিল আদায়

৩য় অধ্যায় ৩. সাফল্যগাথা

৩.১ ভাঙ্গাবাড়ী অগ্রদুত মহিলা সমবায় সমিতি লি. এর সাফল্যগাথা

# ভূমিকা

দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক উন্নয়নে বিশ্বব্যাপী একটি পরীক্ষিত ও স্বীকৃত মাধ্যম হচ্ছে সমবায়। সুষম সামাজিক উন্নয়ন ও সামষ্টিক অর্থনৈতিক ভারসাম্য প্রতিষ্ঠা, সামজিক খাতের বিকাশ, সামাজিক বন্ধন সুদৃঢ় ও সংহতকরণ, তৃণমূল পর্যায়ে গণতান্ত্রিক চর্চা ও নেতৃত্বের বিকাশ সাধনে সমবায়ের বিকল্প নাই। সমবায়ের মাধ্যমে সদস্যদের স্বল্প স্বল্প পুঁজি একত্রিত হয়ে যে বিপুল অংকের পুঁজি তৈরী হয় তা হতে পারে মানুষের অভিষ্ট লক্ষ্যে পৌঁছার চাবিকাঠি। সরকারী ঋণদান সংস্থা, ব্যাংক বা অন্যকোন অর্থ লগ্নী প্রতিষ্ঠান অনেক ক্ষেত্রে দরিদ্র জনগোষ্ঠীকে ঋণদানে পিছপা হয়। এই হতাশাজনক ও অমর্যাদাকর অবস্থা হতে উদ্ধার পেতে এবং আত্ম-বিশ্বাসে বলীয়ান হয়ে স্বচ্ছল অবস্থায় ফিরে আসতে একমাত্র সহায়ক ও পরীক্ষিত পদ্ধতি হলো সমবায়। তাই আমাদের মত উন্নয়ণশীল দেশের জনগোষ্ঠীকে দারিদ্রতা থেকে মুক্তি ও স্বনির্ভর করে গড়ে তোলার জন্য সমবায়ের পথ ধরেই এগোতে হবে। বর্তমানে অর্থনীতির প্রায় সকল শাখায় সমবায় তার কার্যক্রম বিস্তৃত করেছে। সরকার ঘোষিত “রুপকল্প ২০৪১” বাস্তবায়নে সমবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে, বিশেষ করে আর্থিক ও সেবা খাতে নতুন কার্যক্রম গ্রহণ, বিদ্যমান কার্যক্রমে গতিশীলতা আনয়ন ও বিভিন্ন প্রকার উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে সমবায় খাত বেশ কিছু মৌলিক লক্ষ্য অর্জনে অবদান রাখতে পারে। কৃষি উৎপাদন বৃদ্ধি, কৃষকদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণ, দ্রব্যমূল্যের স্থিতিশীলতা আনয়ন, প্রশিক্ষণ ও সেবা প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, অনগ্রসর ও পশ্চাদপদ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং মানব সম্পদ উন্নয়ন বিশেষতঃ নারী উন্নয়নের মাধ্যমে সোনার বাংলা গড়ার ক্ষেত্রে সমবায় আরও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।

এ দেশের দারিদ্র দূরিকরণ ও আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে সুখি-সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ার দর্শন। যার ধারাবাহিকতায় বাংলাদেশের ন্যায় বেলকুচি উপজেলাতেও গড়ে উঠেছে অসংখ্য নতুন নতুন সমবায় সমিতি। এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে আর্থিক সুবিধা প্রদান করে দারিদ্র বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। অন্যদিকে কৃষিজাত শিল্পায়ন ও মৎস্যখাতের পাশাপাশি প্রায় সকল খাতেই সমবায়ের কার্যক্রম ক্রমেই বিস্তৃতি ঘটছে। এছাড়া দেশের পানি সম্পদের সুষ্ঠু ও টেকসই ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে পানি সম্পদ অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনায় সুবিধাভোগীদের সমন্বয়ে গড়ে উঠেছে পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি। আশ্রয়হীন ও ভূমিহীন জনগোষ্ঠীকে ভূমি ও বাস্থান বরাদ্দ করে দেশের মূলধারায় সংযুক্ত করার প্রয়াসে গড়ে উঠেছে আশ্রয়ণ সমবায় সমিতি। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি গ্রামের সকল মানুষকে একত্রিত করে গ্রামের অনাবিস্কৃত সম্ভাবনাগুলোকে উন্মোচন করে স্থানীয় সম্পদ সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রাখছে।

বাংলাদেশে সমবায় সমিতিসমূহ প্রাথমিক, কেন্দ্রীয় ও জাতীয় এই তিন স্তরে সংগঠিত। জুন, ২০২৪ পর্যন্ত বেলকুচি উপজেলায় মোট নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা ৭৬টি। সমবায় সমিতিগুলোর সর্বমোট ব্যক্তি সদস্য ১৩,৮১৩ জন, পরিশোধিত শেয়ার মূলধন প্রায় ১৮০.৮৯ লক্ষ টাকা, সঞ্চয় আমানতের পরিমাণ প্রায় ৩৭০.৩৮ লক্ষ টাকা এবং কার্যকরী মূলধনের পরিমাণ প্রায় ১৩০৮.৮১ লক্ষ টাকা।

অত্র ২০২৩-২০২৪ সালের বার্ষিক প্রতিবেদনের মাধ্যমে বেলকুচি উপজেলার সমবায় খাতের সার্বিক কর্মকান্ডের একটি স্বচ্ছ ও সামগ্রিক চিত্র তুলে ধরার চেষ্টা করা হয়েছে।

# ১ম অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ।

**১. উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী**

**১.১ রূপকল্প:**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য:**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

**১.৩.১ সমবায় অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১.৩.১.১ উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
১.৩.১.২ দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
১.৩.১.৩ মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
১.৩.১.৪ দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১.৩.২.১ দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
১.৩.২.২ কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
১.৩.২.৩ আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
১.৩.২.৪ দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
১.৩.২.৫ তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

**১.৪ কার্যাবলী:**

**১.৪.১** সমবায়নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
**১.৪.২** সমবায় নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;
**১.৪.৩** উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত মান বৃদ্ধি করা;
**১.৪.৪** সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা;
**১.৪.৫** সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
**১.৪.৬** পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;

১.৪.৭ সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;

১.৪.৮ সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;

১.৪.৯ অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা।

## ১.৫ উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ-এর লক্ষ্য এবং দায়িত্বঃ

১.৫.১ সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতিপ্রণয়ন করা ;

১.৫.২ নীতিমালার আলোকে প্রণীত সমবায় সমিতি আইন এবং বিধিমালার ব্যবহারিক প্রয়োগ তত্ত্বাবধান করা;

১.৫.৩ সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য সরকার এবং অন্যান্য কর্তৃপক্ষকে করণীয় সম্পর্কে সুপারিশ বা প্রস্তাবনা প্রদান করা;

১.৫.৪ উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ-এ কর্মরত কর্মকর্তা কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, বেতনভুক্ত কর্মচারীদেরকে বিভিন্ন পদ্ধতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায় নীতিমালা ও এর প্রায়োগিক বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;

১.৫.৫ সমবায় সমিতি আইন ও বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা সাপেক্ষে, মূলধন গঠন ও বিনিয়োগ,সঠিক ব্যবস্থাপনা, তহবিলের যথাযথ ব্যবহার করতঃ সমিতির স্বাভাবিক এবং আইনগত কার্যক্রম ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি পরিচালনার জন্য সমবায় সমিতি সংগঠন, নিবন্ধন এবং অডিট করা;

১.৫.৬ যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের উপর অর্পিত বিধিবদ্ধ দায়িত্ব পালন এবং ক্ষমতা প্রয়োগ করা;

১.৫.৭ সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে জরিপ, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনা করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা এবং সরকারের নিকট সুপারিশ পেশ করা;

১.৫.৮ সরকারের অনুমোদনক্রমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা ;

১.৫.৯ সমবায়ের প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণমূলক কর্মকাণ্ড পরিচালনা করা ; এবং

১.৫.১০ দাপ্তরিক প্রশাসন পরিচালনা ।

## ১.৬ সমবায় দিবসঃ

১.৬.১ **আন্তর্জাতিক সমবায় দিবসঃ** জুলাই মাসের ১ম শনিবার

১.৬.২ **জাতীয় সমবায় দিবসঃ** নভেম্বর মাসের ১ম শনিবার

## ১.৭ সমবায় সমিতি সংক্রান্ত তথ্যঃ

১.৭.১ **সমিতির স্তর বিন্যাসঃ** দেশের মোট সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে বিভক্ত-

১.৮.১ প্রাথমিক সমবায় সমিতি

১.৮.২ কেন্দ্রীয় সমবায় সমিতি

১.৮.৩ জাতীয় সমবায় সমিতি

অপরদিকে সমিতি গঠনের উদ্যোগ, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে দু'ভাগে ভাগ করা যায়

ক. সাধারণ সমবায় সমিতি

খ. বিআরডিবি সমর্থনপুষ্ট সমবায় সমিতি

### ১.৭.২ সমিতির সংখ্যা:

| শ্রেণী | সংখ্যা |
|---|---|
| কেন্দ্রীয় | ০৩ |
| প্রাথমিক | ৪১১ |
| মোট | ৪১৪ |

#### ১.৭.২.১ ক্যাটাগরি ভিত্তিক সমবায় সমিতির সংখ্যা:

| ক্রমিক নং | সমবায় সমিতির ক্যাটাগরি | সংখ্যা |
|---|---|---|
| ০১ | কেন্দ্রীয় সমবায় সমিতি | ০৩ |
| ০২ | প্রাথমিক কৃষি ও কৃষক সমবায় সমিতি | ০৩ |
| ০৩ | প্রাথমিক মৎসজীবী/মৎস্যচাষী সমবায় সমিতি | ০১ |
| ০৪ | প্রাথমিক মহিলা সমবায় সমিতি | ০২ |
| ০৫ | প্রাথমিক মুক্তিযোদ্ধা সমবায় সমিতি | ০১ |
| ০৬ | প্রাথমিক সার্বিক/আদর্শ গ্রাম উন্নয়ন সমবায় সমিতি | ০১ |
| ০৭ | প্রাথমিক দোকান মালিক/ব্যবসায়ী/মার্কেট সমবায় সমিতি | ০৩ |
| ০৮ | প্রাথমিক বহুমুখী সমবায় সমিতি | ১০ |
| ০৯ | প্রাথমিক ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি | ০৩ |
| ১০ | প্রাথমিক পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি | ০১ |
| ১১ | সার্বিক গ্রাম উন্নয়ন | ০১ |
| ১২ | আশ্রয়ন (ফেইজ-২) | ০১ |
| ১৩ | আশ্রয়ন-২ | ০১ |
| ১৪ | প্রাথমিক সিআইজি সমবায় সমিতি | ২৯ |
| ১৫ | প্রাথমিক তাঁতী সমবায় সমিতি | ১৫ |
| ১৬ | প্রাথমিক অন্যান্য সমবায় সমিতি | ০১ |
| ১৭ | কৃষক সমবায় সমিতি (পউবো) | ১৫৩ |
| ১৮ | মহিলা বিত্তহীন সমবায় সমিতি | ৬৬ |
| ১৯ | পুরুষ বিত্তহীন সমবায় সমিতি | ১১৯ |
| মোট | | ৪১৪ |

### ১.৭.২.১ সমবায় সমিতির মৌলিক তথ্য

| উপজেলার নাম | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট সমিতির সংখ্যা | সদস্য | কার্যকরী মুলধন | বিনিয়োগ | নিট লাভ | অডিট ফি | সিডিএফ | স্বকর্মসংস্থান/ উদ্যোক্তা সৃজন |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বেলকুচি | ০৩ | ৪১১ | ৪১৪ | ১৩,৮১৩ | ১৩০৮.৮১ | ৫০০.৮০ (ঋণ) | ১৫.৩৯ | ০.৫০ | ০.৬২ | ১৭৯২ |

*** লক্ষ টাকায়

**১.৭.৩ মোট সম্পদ:** সমবায় সমিতির ভৌত সম্পদ, বিনিয়োগকৃত আর্থিক সম্পদ, মজুদ তহবিল ইত্যাদির সমষ্টিই হচ্ছে মোট সম্পদ। জুন, ২০২৪ পর্যন্ত বেলকুচি উপজেলাধীন সমবায় সমিতির মোট সম্পদের পরিমাণ ৩৮৭.৭৯ লক্ষ টাকা।

**১.৭.৪ কর্মসংস্থান:** সমবায় সমিতির মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত বেলকুচি উপজেলায় সর্বমোট ১৭৯২ জন লোকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

**১.৭.৫ সমবায় সমিতির অডিট:** সমবায় অধিদপ্তরের অন্যতম প্রধান কাজ হল নিবন্ধিত সমবায় সমিতির হিসাব ও কার্যক্রম অডিট করা হয়। এ অডিট কার্যক্রমের মাধ্যমে সমবায় সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়। ২০২৩-২৪ অর্থ বছরে সমবায় বিভাগ, বেলকুচি উপজেলা কর্তৃক সমিতি অডিট সম্পাদনের তথ্য নিম্নের ছকে দেখানো হলো।

| সমিতির স্তর | অডিটযোগ্য সমিতির সংখ্যা | অডিটকৃত সমিতির সংখ্যা | অগ্রগতিরহার (%) |
|---|---|---|---|
| কেন্দ্রীয় | ০৩ | ০৩ | ১০০% |
| প্রাথমিক | ২২০ | ২২০ | ১০০% |
| মোট | ২২৩ | ২২৩ | ১০০% |

## ১.৮ সমবায় প্রশিক্ষণ

### ১.৮.১ প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ:

সমবায় অধিদপ্তরের মুখ্য কাজ হচ্ছে জনগণকে উদ্বুদ্ধকরণ ও তৃণমূল জনগণকে সংগঠিত করে উন্নয়নের মূলস্রোতে নিয়ে আসা। বিগত সময়ে বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী কুমিল্লা ও আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইন্সটিটিউট নওগাঁ'র মাধ্যমে সমবায়ীদের জীবনমান উন্নয়নের জন্য বিভিন্ন ট্রেডে আয়বর্ধন মূলক (IGA) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ সকল প্রতিষ্ঠানে ২০২৩-২৪ অর্থ বছরে প্রশিক্ষণ অগ্রগতি নিম্নরূপ:

| প্রতিষ্ঠানসমূহ | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| বাংলাদেশ সমবায় একাডেমি | ১ | ৩ |
| আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট | ৪ | ৮ |
| মোট | ৫ | ১১ |

### ১.৮.২ ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

সমবায় সমিতির কার্যক্রমে আইনানুগ নিয়ন্ত্রণ ও সমবায়ীদের উন্নয়নমূলক কর্মকাণ্ডে গতিবৃদ্ধির জন্য সমবায় প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিসীম। এ লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউটের পাশাপাশি প্রতিটি জেলা সমবায় দপ্তরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট রয়েছে। উক্ত ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক চহিদানুযায়ী তৃণমূল পর্যায়ে সমবায় ব্যবস্থাপনা, হাঁস-মুরগী ও গবাদী পশু-পালন, বৃক্ষরোপণ, স্যানিটেশন প্রভৃতি আয়বর্ধক ও আত্ম-কর্মসংস্থানমূলক বিষয়সহ জাতীয় কর্মসূচীর আওতাভূক্ত বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২০২৩-২৪ অর্থ বছরে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতিচিত্র নিম্নরূপ:

**ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অগ্রগতি**

| অর্জনেরখাতসমূহ | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|
| ভ্রাম্যমাণ প্রশিক্ষণ | ৪ | ১০০ |

### ১.৯ প্রচার ও প্রকাশনা কার্যক্রম

- সমবায়ের কার্যক্রম প্রচার ;
- সমবায় পত্রিকা ও সাময়িকী প্রকাশ: মাসিক সমবায়, কো-অপারেশন, নিউজ লেটার ;
- সমবায় অধিদপ্তরের অন্যান্য প্রকাশনা যেমন- বার্ষিক প্রতিবেদন, পরিসংখ্যান, বুকলেট পোস্টার ইত্যাদি ;
- বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন ;
- জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন ;
- জাতীয় সমবায় পুরস্কার সংক্রান্ত কার্যক্রম ;
- রেডিও ও টেলিভিশন সহ অন্যান্য গণ মাধ্যমের সাথে যোগাযোগ ও প্রচার সংক্রান্ত কাজ ;
- সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রদর্শনী যেমন- ডকুমেন্টারী প্রদর্শন, মেলা ইত্যাদির আয়োজন করা ;
- গ্রন্থাগার ব্যবস্থাপনা, বইপত্র, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ ;
- সমবায় কার্যক্রম এর প্রচার সংক্রান্ত ফটোগ্রাফিক কার্যক্রম;

### ১.১০ উপজেলা সমবায় কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ এর বিভিন্ন পদের তালিকাঃ

| ক্রমিক নং | পদের নাম | শ্রেণী | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শুণ্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ১ | উপজেলা সমবায় কর্মকর্তা | ২য় | ১ | ১ | - |
| ২ | সহকারী পরিদর্শক | ৩য় | ২ | ২ | - |
| ৩ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৩য় | ১ | ১ | - |
| ৪ | অফিস সহায়ক | ৪র্থ | ১ | ১ | - |

# ২য় অধ্যায়

# সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। এ সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির সকল জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের অবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জীবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য পরিসংখ্যান এর নিয়মে পরিমাপ করা দুঃসাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশে প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আন্দোলনের মূল চালিকা শক্তি। নিম্নে বেলকুচি উপজেলাধীন এরূপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হল:

**২.১ প্রাথমিক সমিতির সংখ্যা:** নতুন সহস্রাব্দে  সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরেই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। সমবায় অধিদপ্তরের সরাসরি তত্ত্বাবধানে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থার উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরির সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রাথমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের তুলনায় বর্তমানে অনেক বেশী। ২০২৩-২০২৪ অর্থ বছরে বেলকুচি উপজেলায় প্রাথমিক সমিতির সংখ্যা দাঁড়িয়েছে ৪১৪ টি।

**২.২ প্রাথমিক সমিতির সদস্য সংখ্যা:** উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্নবিত্তের সংগঠন হিসেবে আবির্ভূত হলেও বর্তমানে সকল শ্রেণির বিপুল সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ সামাজিক উন্নতির একটি পরীক্ষিত কৌশল হিসেবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও বিশেষ অবদান রেখে থাকে। প্রতিবেদনাধীন বছরের জুন ২০২৪ পর্যন্ত বেলকুচি উপজেলায় সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ১৩,৮১৩ জন। বিগত ২০২২-২০২৩ অর্থ বছরের তুলনায় এ বছর সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

**২.৩  শেয়ার মূলধন:** : দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরী এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হল সদস্যদের নিকট বিক্রিত শেয়ার। বিগত বছরের তুলনায় পরিশোধিত শেয়ার মূলধন বৃদ্ধি পেয়ে চলতি অর্থ বছরের জুন ২০২৪ পর্যন্ত এসে দাঁড়িয়েছে ১৮০.৭৯ লক্ষ টাকা।

**২.৪ সঞ্চয় আমানত:** সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নির্দিষ্ট হারে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায়ে বিনিয়োগ করে থাকে। ২০২৩-২০২৪ অর্থ বছরে সঞ্চয় আমানত এর পরিমাণ দাঁড়িয়েছে ৩৭০.৩৮ কোটি টাকা।

**২.৫ সংরক্ষিত তহবিল ও নীটলাভ হতে গঠিত অন্যান্য তহবিল:** সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ সংরক্ষিত তহবিল ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিলও সমিতির মূলধন হিসেবে গণ্য হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে বেলকুচি উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিত তহবিল ও নীট লাভ হতে গঠিত অন্যান্য তহবিলের পরিমাণ দাঁড়িয়েছে ৪৮.৮৩ লক্ষ টাকা ।

**২.৬ কার্যকরী মূলধন:** সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কার্যকরি মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। জুন, ২০২৩ নাগাদ বেলকুচি উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতিসমূহের কার্যকরি মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ১৩০৮.৮১ লক্ষ টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরের তুলনায় এ বছর কার্যকরি মূলধনের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

**২.৭ বিনিয়োগ:** ২০২৩-২০২৪ অর্থ বছরে বেলকুচি উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতিগুলো বিভিন্ন আর্থিক কর্মকাণ্ডে প্রায় ১.৯০ কোটি টাকা বিনিয়োগ করেছে। ২০২২-২৩ অর্থ বছরের তুলনায় এ বছর বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে।

**২.৮ ঋণ বিতরণ:** ২০২৩-২০২৪ অর্থ বছরে বেলকুচি উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতিগুলোর ঋণ বিতরণের পরিমাণ ০৯.১০ কোটি টাকা। ২০২২-২৩ অর্থ বছরের তুলনায় ঋণ বিতরণ বৃদ্ধি পেয়েছে।

**২.৯ ঋণ আদায়:** ২০২৩-২০২৪ অর্থ বছরে বেলকুচি উপজেলাধীন প্রাথমিক সমবায় সমিতিগুলোর ঋণ আদায়ের পরিমাণ ৪৮.১৬ লক্ষ টাকা ২০২২-২৩ অর্থ বছরের তুলনায় ঋণ আদায় বৃদ্ধি পেয়েছে।

**২.১০ অডিট ফি আদায়:** বেলকুচি উপজেলা সমবায় বিভাগ সরকারি রাজস্ব (ননট্যাক্স) আয়েগুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় সমিতি নিবন্ধনের সময় নিবন্ধন ফি আদায় করা হয়। অপর দিকে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করার পর সমিতি হতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর ১০৭ বিধি অনুযায়ী নির্দিষ্ট হারে অডিট ফি আদায় করাহয়। ২০২৩-২০২৪ অর্থবছরে সমবায় বিভাগ, বেলকুচি উপজেলা কর্তৃক অডিট ফি হিসেবে ৫০.৪ হাজার টাকা রাজস্ব সরকারি কোষাগারে জমা হয়েছে।

**২.১১ সমবায় উন্নয়ন তহবিল (Coperative Development Fund) আদায়:** সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধন ২০২০) এর ৮৪(২) বিধি অনুযায়ী প্রত্যেক সমবায় সমিতি প্রতি সমবায় বর্ষে নীট মুনাফা হতে ৩% অর্থ সমবায় উন্নয়ন তহবিলের অনুকূলে জমা করার মাধ্যমে উক্ত তহবিল গঠিত হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে সমবায় বিভাগ, বেলকুচি উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ৬২ হাজার টাকা সমবায় উন্নয়ন তহবিল (সিডিএফ) আদায় করা হয়েছে।

# ৩য় অধ্যায়

# সাফল্যগাথা

## "ভাঙ্গাবাড়ী অগ্রদূত মহিলা সমবায় সমিতি লি."

এলাকার দারিদ্র ও বেকার যুবকদের আর্থিক নিরাপত্তা ও আর্থিক স্বচ্ছতা ফিরিয়ে আনার লক্ষে গঠন করা হয় **ভাঙ্গাবাড়ী অগ্রদূত মহিলা সমবায় সমিতি লি.**। ইতোমধ্যেই এই সমিতি লাভজনক ও উন্নয়নমূখী একাধিক কর্মসূচী গ্রহণ করে তা কার্যকর বাস্তবায়নের মাধ্যমে সমিতির সদস্যদের উজ্জীবিত ও সমৃদ্ধ করেছে। সমিতি তার সকল কর্মকান্ডে স্বচ্ছতা ও জাবাদিহীতা নিশ্চিত করার চেতনায় বিশ্বাসী বলে প্রতিমাসে নিয়মিত মাসিক সভার মাধ্যমে বিভিন্ন টেকসই লাভজনক প্রকল্প গ্রহণ ও দক্ষতার সাথে বাস্তবায়নসহ সমিতির সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করে সফলতার দ্বারগোড়ায় পৌঁছে গেছে।

### সাধারণ তথ্যাবলী

মূল নিবন্ধন নং- ১৯৯, তারিখ-১৫/০৩/২০১৬ খ্রি.
গ্রাম- কোনাবাড়ী, ডাকঘর- ভাঙ্গাবাড়ী, উপজেলা- বেলকুচি, সিরাজগঞ্জ।

### অর্থনৈতিক অবস্থা

নিজস্ব মুলধন- ২২,৩৫,৬৬৫/-
ধারকৃত মুলধন- ৫৬,২১,২৪৭/-
অনুদান তহবিল- ৫৩,৪১,৫৮৭/-
কার্যকরী মূলধন- ১,৩১,৯৮,৪৯৯/-
শেয়ার মূলধন- ১২,৫৩,৯০০/-
সঞ্চয় আমানত- ৫৬,২১,২৪৭/-
সংরক্ষিত তহবিল- ৫,৮৯,০৬১/-
অন্যান্য তহবিল- ৩,৯২,৭০৪/-
উন্নয়নে বিনিয়োগ- ১,১৫,৯৮,২০০/-.
স্থাবর/অস্থাবর সম্পত্তির মূল্য- ১০,৬৯,৬৩৫/-

### উন্নয়ন কর্মকান্ড

ক্ষুদ্র ঋণ প্রকল্প
সঞ্চয় প্রকল্প
দারিদ্র বিমোচন প্রকল্প

### সামাজিক কর্মকান্ড

স্বাস্থ্য সেবা
উন্নয়নমূলক কর্মকান্ডে সাহায্য প্রদান
মাদ্রসা, মসজিদ, দু:স্থদের অনুদান প্রদান
যৌতুক প্রতিরোধ ও বাল্য বিবাহ প্রতিরোধ
সামাজিক কুসংস্কার দূরীকরণ
মাদক প্রতিরোধ
কন্যাদায়গ্রস্থদের আর্থিক সাহায্য প্রদান।

### কর্মসংস্থান সৃস্টিতে অবদান

সমিতিতে সরাসরি কর্মসংস্থান- ০৬ জন, সমিতির মাধ্যমে স্ব-কর্মসংস্থান ৩৬৪ জন।

# উল্লেখযোগ্য কর্মকান্ডের বিস্তারিত বিবরণ

## সদস্য সংখ্যা-

২০১৬ খ্রিষ্টাব্দে সমিতিতে ২০ জন সদস্য নিয়ে সমিতিটির পথচলা শুরু হয়। বর্তমানে অর্থাৎ ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখে সমিতির সর্বমোট সদস্য সংখ্যা ১১২৪ জন। সকল সদস্যই সমিতি হতে আর্থিকভাবে উপকৃত হচ্ছেন। সমিতির সদস্যগণ নিয়মিত শেয়ার, সঞ্চয় এবং নিয়মিত কর্জ পরিশোধ করছেন।

## শেয়ার ও সঞ্চয় আমানত

সমিতির অনুমোদিত শেয়ার মুলধনের পরিমাণ ৫০,০০,০০০/- টাকা। ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখে সমিতির আদায়কৃত শেয়ার মুলধন ১২,৫৩,৯০০/- টাকা এবং সমিতিতে সদস্যদের জমাকৃত সঞ্চয় আমানতের পরিমাণ ৫৬,২১,২৪৭/- টাকা। শেয়ার ও সঞ্চয় আদায়ের মাধ্যমে তাদের কার্যকরী মুলধন প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে।

## সদস্যদের নিকট কর্জ দাদন

সমিতির সদস্যদের নিকট স্বল্পসুদে আপদকালীন সময়ে কর্জদাদন করা হয়ে থাকে। ২০২৩-২০২৪ অর্থবছরে কর্জ দাদন খাতে ২,০৩,৪৭,৮০০/- বিনিয়োগ করা হয় এবং ১,৯২,১২,৫৫৯/- টাকা কর্জ আদায় করা হয়। ৩০/০৬/২০২৪ খ্রি. তারিখে সমিতির সদস্যদের নিকট কর্জের আসল বাবদ ১,১৫,৯৮,২০০/- টাকা বিনিয়োজিত রয়েছে। কর্জ গ্রহণ করে সদস্যগণ আর্থিকভাবে লাভবান হচ্ছে।

## বার্ষিক সাধারণ সভা

প্রতি বছর নিরীক্ষা সম্পাদনের নির্ধারিত সময়ের মধ্যে সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান সম্পন্ন করা হয়ে থাকে। সর্বশেষ বার্ষিক সাধারণ সভা ২৭/০৪/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। বার্ষিক সাধারণ সভায় সমিতির ৩৪২ জন সদস্য উপস্থিত ছিলেন। বার্ষিক সাধারণ সভায় সমিতির বার্ষিক আয় ব্যয় হিসাব/বাজেটসহ লভ্যাংশ বিতরণ অনুমোদন করা হয়ে থাকে।

## নীট লাভ

২০২২-২০২৩ আয় বর্ষে সমিতির নিট লাভ হয় ১০,০৩,৭০১/- টাকা। উক্ত সনে সদস্যগণকে সঞ্চয়ের মুনাফা বাবদ ৩,১৫,৩০০/- টাকা প্রদান করে সমবায় খাতে প্রশংসনীয় খ্যাতি অর্জন করেছে।

## নিরীক্ষা ফি ও সমবায় উন্নয়ন তহবিল পরিশোধ

২০২২-২০২৩ আয় বর্ষের নিরীক্ষা প্রতিবেদনে উল্লেখিত নিটলাভের উপর ধার্যকৃত সর্বোচ্চ নির্ধারিত নিরীক্ষা ফি ১০,০০০ টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল খাতে ৩০,১১১/- টাকা পরিশোধ করে জাতীয় উন্নয়নে অংশীদার হয়ে অবদান রাখছে।

## সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ

অত্র সমবায় সমিতি সামাজিক বিভিন্ন কর্মকান্ডে অংশ গ্রহণ করে থাকে। বিশেষ করে করোনাকালিন সময়ে দুঃস্থ মানুষদের মাঝে শুকনো খাবারসহ নিত্য প্রয়োজনীয় দব্য সামগ্রী বিতরণ করেছে। এরুপ দুর্যোগকালীন সময়ে দুঃস্থ মানুষের দিকে সেবার হাত বাড়িয়ে সাহায্য সহযোগিতা করে থাকে।






**<u>পরিশেষে</u>**

**ভাঙ্গাবাড়ী অগ্রদূত মহিলা সমবায় সমিতি লি.** সমবায়ের মাধ্যমে "টেকসই উন্নয়ন লক্ষ্যে ২০৩০" বাস্তবায়নের জন্য কাজ করে যাচ্ছে এবং পরোক্ষভাবে সমবায়ের চেতনা সংক্রান্ত পদক্ষেপ গ্রহণ করছে।

-সমাপ্ত-